দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# কলেজে ভর্তিতে ৩ দিন সময় পেলেন শিক্ষার্থীরা

■ ইত্তেফাক রিপোর্ট

যারা একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারেননি তাদের আরও তিনদিন সময় দেওয়া হয়েছে। আগামী ২১ থেকে ২৩ আগস্ট পর্যন্ত কলেজে ভর্তি হওয়া যাবে। গতকাল সচিবালয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান। শিক্ষামন্ত্রী বলেন, এখনও অনেকে একাদশ শ্রেণিতে ভর্তি হতে পারেনি, কিন্তু তারা ভর্তি হতে চায়। আমরা তাদের ভর্তির সুযোগ করে দিচ্ছি।

তিনি বলেন, যে কোনো বোর্ডের আওতায় আসন খালি থাকা সাপেক্ষে যে কোনো কলেজে মাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তি হতে পারবেন।